ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৭– জুন ৩০, ২০১৮

# সূচিপত্র


| | | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| | | সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৩ |
| | | উপক্রমণিকা | ০৪ |
| সেকশন | ১: | সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৫ |
| সেকশন | ২: | কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৬-০৯ |
| সংযোজনী | ১: | শব্দ সংক্ষেপ (Acronyms) | ১০ |
| সংযোজনী | ২: | কর্মসম্পাদন সূচকসমূহ ,বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী | ৩: | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ওপর নির্ভরশীলতা | ১২-১৩ |

# সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Sylhet Gas Fields Limited)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

সাম্প্রতিক বছরসমূহে কোম্পানি ৫টি নতুন কূপ খনন (রশিদপুর-৮, কৈলাশটিলা-৭, রশিদপুর-৯, রশিদপুর-১০, রশিদপুর-১২), রশিদপুর কনডেনসেট ফ্র্যাকশনেশন প্লান্ট (আরসিএফপি) এলাকায় ১টি ৬০,০০০ ব্যারেল ধারণ ক্ষমতাসম্পন্ন এবং অন্য একটি ২০,০০০ ব্যারেল ধারণ ক্ষমতাসম্পন্ন তেল স্টোরেজ ট্যাংক নির্মাণ কাজ সম্পন্ন করেছে। এছাড়া কোম্পানির বিয়ানীবাজার-১নং কূপের রিমেডিয়াল ওয়ার্ক সম্পন্ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

কোম্পানির বিভিন্ন ফিল্ডের গ্যাস মজুদ হ্রাস পাওয়ায় কোম্পানির গ্যাস উৎপাদন ধীরে ধীরে হ্রাস পাওয়া, উৎপাদিত প্রাকৃতিক গ্যাসের কোম্পানি মার্জিন আইওসি ও পেট্রোবাংলার অধীনস্থ অন্যান্য কোম্পানির তুলনায় কম থাকায় কোম্পানিতে তারল্য সংকট সৃষ্টি হওয়ার আশংকা, কোম্পানির উৎপাদিত পেট্রোলিয়াম পণ্যের মূল্য ফিল্ড প্রান্তে উল্লেখযোগ্য হারে হ্রাস করায় কোম্পানির আয় এবং কোম্পানি কর্তৃক রাষ্ট্রীয় কোষাগারে প্রদত্ত অর্থের পরিমাণ অনেকাংশে হ্রাস পাওয়া, স্থানীয় জনগণের দাবীর প্রেক্ষিতে উদ্ভূত সমস্যার কারণে কোম্পানিতে জনবল নিয়োগ স্থগিত থাকা । গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বন্ধ কূপসমূহ উৎপাদনে নিয়ে আসা, নতুন কূপ খনন, জনবল নিয়োগ এবং সুষ্ঠুভাবে রশিদপুরে নির্মাণাধীন কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট ও ক্যাটালাইটিক রিফরমিং ইউনিট স্থাপন সম্পন্নকরণ সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

গ্যাস উৎপাদন বৃদ্ধিকল্পে বন্ধ কূপসমূহ ওয়ার্কওভারের মাধ্যমে পুনঃউৎপাদনে আনা, বিয়ানীবাজার ফিল্ডে ৩-ডি জরিপ সম্পাদনপূর্বক জরিপ ফলাফলের উপর ভিত্তি করে নতুন কূপ খনন করা, ৩-ডি সাইসমিক জরিপ রিভিউ কার্যক্রম সম্পন্নের পর প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে হরিপুর, কৈলাশটিলা ও রশিদপুর ফিল্ডে আরও কূপ খনন করা, ছাতক স্ট্রাকচারে ৩-ডি জরিপ সম্পাদনপূর্বক জরিপ ফলাফলের উপর ভিত্তি করে নতুন কূপ খনন করা।

**২০১৭-১৮ অর্থ-বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- প্রায় ৪৭.৭৬ বিসিএফ গ্যাস উৎপাদন করে জাতীয় গ্রিডে সরবরাহ করা।
- প্রায় ৯০.০০ মিলিয়ন লিটার পেট্রোল, ১৫.০০ মিলিয়ন লিটার ডিজেল ও ১০.০০ মিলিয়ন লিটার কেরোসিন উৎপাদন করা।
- প্রায় ২০.০০ মিলিয়ন লিটার এনজিএল উৎপাদন করা।
- প্রায় ৪০০ জন জনবলকে দেশে-বিদেশে প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করে গড়ে তোলা।
- কৈলাশটিলা-১নং কূপ ওয়ার্কওভারের মাধ্যমে গ্যাস উৎপাদন বৃদ্ধি করা।

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)

এর মধ্যে ২০১৭ সালের ...জুন.........মাসের.......২৪.......... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১:

**সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)-এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ( Strategic Objectives) এবং কার্যাবলি (Functions)**

**১.১ রূপকল্প (Vision):**

প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়ামজাত পণ্য উৎপাদনে অগ্রণী ভূমিকা পালন করা;

**১.২ অভিলক্ষ্য (Mission):**

প্রাকৃতিক গ্যাস ও পেট্রোলিয়ামজাত পণ্য (পেট্রোল, ডিজেল ও কেরোসিন) উৎপাদনের মাধ্যমে দেশের ক্রমবর্ধমান জ্বালানী চাহিদা পূরণ করা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ ( Strategic Objectives):**

১.৩.১ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধি;
২. পেট্রোলিয়ামজাত পণ্যের পর্যাপ্ত মজুদ গড়ে তোলা এবং
৩. মানব সম্পদ উন্নয়ন;

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন ;
৫. কর্ম পরিবেশ উন্নয়ন এবং
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

**১.৪ কার্যাবলি (Functions):**

১. প্রাকৃতিক গ্যাস ও গ্যাস উপজাত পণ্য উৎপাদন ও প্রক্রিয়াকরণ;
২. কনডেনসেট প্রক্রিয়াকরণের মাধ্যমে পেট্রোল, ডিজেল ও কেরোসিন উৎপাদন করা;
৩. গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন কূপ খনন এবং বিদ্যমান কূপের ওয়ার্ক ওভার সম্পাদন করা;

# সেকশন ২

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭[১] | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধি | ৬৫ | (১.১) গ্যাস উৎপাদন কূপ খনন[২] | (১.১.১) খননকৃত অনুসন্ধান কূপ | সংখ্যা | - | - | ২ | - | - | - | - | - | - | - |
| | | | (১.১.২) খননকৃত মূল্যায়ন/উন্নয়ন কূপ | সংখ্যা | - | - | ১ | - | - | - | - | - | ১ | ১ |
| | | | (১.১.৩) গ্যাস কূপ ওয়ার্কওভার | সংখ্যা | ৬ | - | - | ১ | - | - | - | - | ২ | - |
| | | (১.২) গ্যাস উৎপাদন | (১.২.১) উৎপাদিত গ্যাস | বিসিএফ | ৩৫ | ৫৩.৩০ | ৫১.৩৯ | ৪৭.৭৬[৪] | ৪২.৯৮ | ৩৮.২০ | ৩৩.৪৩ | ২৮.৬৫ | ৪৬.০০ | ৪৪.০০ |
| | | ১.৩ পেট্রোলিয়াম পণ্যসমূহের উৎপাদন* | (১.৩.১) উৎপাদিত পেট্রোল | মি.লি. | ৬ | ৭৪.৭০ | ১১০ | ৯০.০০[৪] | ৮৫.৫০ | ৭৬.০০ | ৬৬.৫০ | ৫৭.০০ | ১৫০.০০ | ৫০.০০ |
| | | | (১.৩.২) উৎপাদিত ডিজেল | মি.লি. | ৬ | ১৬.৭২ | ১৫ | ১৫[৪] | ১৩.৫০ | ১২.০০ | ১০.৫০ | ৯.০০ | ২৯.০০ | ২৯.০০ |
| | | | (১.৩.৩) উৎপাদিত কেরোসিন | মি.লি. | ৬ | ১৫.৮১ | ১২.৩৪ | ১০[৪] | ৯.৯০ | ৮.৮০ | ৭.৭০ | ৬.৬০ | ২৫.০০ | ২৫.০০ |
| | | | (১.৩.৪) উৎপাদিত এনজিএল | মি.লি. | ৬ | ২৫.৭১ | ২৫ | ২০[৪] | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২০.০০ | ২০.০০ |
| [২] পেট্রোলিয়ামজাত পণ্যের পর্যাপ্ত মজুদ গড়ে তোলা | - | (২.১) তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি | (২.১.১) তেলের মজুদক্ষমতা বৃদ্ধি | মি.লি. | - | ১০.৮১ | - | - | - | - | - | - | ৮০.০০ | - |
| [৩] মানব সম্পদ উন্নয়ন | ১৫ | (৩.১) মানব সম্পদ উন্নয়ন | (৩.১.১) জনবলের প্রশিক্ষণ** | সংখ্যা | ১৫ | ১৮৭ | ৫২৩ | ৪০০ | ৩৬০ | ৩২০ | ২৮০ | ২৪০ | ৪২৫ | ৪৫০ |

[১] প্রকৃত *অর্জন ২০১৬-১৭: সাময়িক*

[২] ১.১ গ্যাস উৎপাদন কূপ খনন/ওয়ার্কওভার:

১) ২০১৭-১৮: কৈলাশটিলা-১নং কূপ ওয়ার্কওভার।

২) ২০১৮-১৯: রশিদপুর-২ ও রশিদপুর-৬নং কূপ ওয়ার্কওভার; সিলেট-৯ নং কূপ (মূল্যায়ন/ উন্নয়ন) খনন [৩ডি সাইসমিক জরিপ ডাটা ও প্রতিবেদন রিভিউ-এর ফলাফলের ওপর নির্ভরশীল]।

৩) ২০১৯-২০: কৈলাশটিলা-৯ নং কূপ (মূল্যায়ন/ উন্নয়ন) খনন [৩ডি সাইসমিক জরিপ ডাটা ও প্রতিবেদন রিভিউ-এর ফলাফলের ওপর নির্ভরশীল]।

[৪] কোম্পানির ২০১৭-১৮ বছরে লক্ষ্যমাত্রা হ্রাস/বৃদ্ধির কারণঃ সিলেট-৮, বিয়ানিবাজার-১ ও ২, কৈলাশটিলা-৩ ও ৪ এবং রশিদপুর-৩, ৭ ও ৮নং কূপসমূহ হতে বর্ধিত হারে পানি উৎপাদনের কারণে ২০১৬-১৭ বছরের তুলনায় ২০১৭-১৮ বছরে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা কম হয়েছে। তেল বিপণন কোম্পানিসমূহের চাহিদার ওপর পেট্রোল, ডিজেল ও কেরোসিন উৎপাদন এবং আরপিজিসিএল-এর চাহিদার ওপর এনজিএল উৎপাদন নির্ভরশীল বিধায় বাস্তবতার আলোকে ২০১৭-১৮ বছরে উক্ত ৪টি প্রডাক্টের উৎপাদন লক্ষ্যমাত্রা কম হয়েছে।

* এসজিএফএল এর নিজস্ব ফিল্ড সমূহের উৎপাদিত কনডেনসেটের পরিমান প্রায় ৫০ মিলিয়ন লিটার।

** প্রশিক্ষণের মধ্যে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ অর্ন্তভুক্ত রয়েছে।

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৭-১৮ (Target Value 2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০ % | ৯০ % | ৮০ % | ৭০ % | ৬০ % |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৪ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত | তারিখ | ১ | ১৭ এপ্রিল | ১৯ এপ্রিল | ২০ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জানুয়ারী | ১৬ জানুয়ারী | ১৭ জানুয়ারী | ১৮ জানুয়ারী | ১৯ জানুয়ারী |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৩ জুলাই | ১৬ জুলাই | ১৮ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকরা | অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | কমপক্ষে একটি সেবা প্রক্রিয়া সহজীকৃত | সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |
| | | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (এসআইপি) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়িত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি |
| | | | এসআইপি বাস্তবায়িত | % | ১ | ২৫ | - | - | - | - |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারি নিশ্চিৎকরণ | সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়ন পত্র যুগপৎ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | - |
| | | সেবা প্রত্যাশী ও দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৭-১৮ (Target Value 2017-18) | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০ % | ৯০ % | ৮০ % | ৭০ % | ৬০ % |
| | | মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকরা | চালুকৃত | | | | | ফেব্রুয়ারি | | |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৪ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা /কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | *প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ১ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ৮০ | ৭০ | ৬০ | - | - |
| | | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্যূন ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

আমি, ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল), চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালকের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৪-৬-২০১৯

ব্যবস্থাপনা পরিচালক
সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড (এসজিএফএল)।

তারিখ

২৪/৬/'১৯

চেয়ারম্যান
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)।

তারিখ

## সংযোজনী-১

শব্দ সংক্ষেপ

(Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | | বিবরণ |
|---|---|---|---|
| ১) | বিসিএফ | - | বিলিয়ন কিউবিক ফুট |
| ২) | মি.লি. | - | মিলিয়ন লিটার |
| ৩) | আরপিজিসিএল | - | রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড |
| ৪) | বিপিসি | - | বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন |
| ৫) | এনজিএল | - | ন্যাচারাল গ্যাস লিকুইড |
| ৬) | বাপেক্স | - | বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি |
| ৭) | এসজিএফএল | - | সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড |
| ৮) | আরসিএফপি | - | রশিদপুর কনডেনসেট ফ্রাকশনেশন প্লান্ট |
| ৯) | আইওসি | - | ইন্টারন্যাশনাল অয়েল কোম্পানি |
| ১০) | পিআই (PI) | - | পারফরমেন্স ইন্ডিকেটর (Performance Indicator) |
| ১১) | এমআইএস (MIS) | - | Management Information System |
| ১২) | পিএন্ডডি | - | প্লানিং এন্ড ডেভেলপমেন্ট |
| ১৩) | এলপিএম | - | লিকুইড পেট্রোলিয়াম মার্কেটিং |
| ১৪) | জিটিসিএল | - | গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড |
| ১৫) | পিআরএল (PRL) | - | Post Retirement Leave |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | (১.১) গ্যাস উৎপাদন কূপ খনন | (১.১.১) খননকৃত অনুসন্ধান কূপ | গ্যাস উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন অনুসন্ধান ও মূল্যায়ন/ উন্নয়ন কূপ খনন এবং কূপ ওয়ার্কওভার করা। | অপারেশন ও পিএন্ডডি ডিভিশন, এসজিএফএল | বার্ষিক রিপোর্ট এসজিএফএল | |
| | | (১.১.২) খননকৃত মূল্যায়ন/উন্নয়ন কূপ | | | | |
| | | (১.১.৩) গ্যাস কূপ ওয়ার্কওভার | | | | |
| ২ | (১.২) গ্যাস উৎপাদন | (১.২.১) উৎপাদিত গ্যাস | এসজিএফএল এর কূপসমূহের মাধ্যমে গ্যাস উৎপাদন। | অপারেশন ডিভিশন এসজিএফএল | এমআইএস/বার্ষিক রিপোর্ট এসজিএফএল | |
| ৩ | (১.৩) পেট্রোলিয়াম পণ্যসমূহের উৎপাদন | (১.৩.১) উৎপাদিত পেট্রোল | এসজিএফএল এর প্রসেস প্লান্টগুলোর মাধ্যমে পেট্রোল, ডিজেল, কেরোসিন ও এনজিএল উৎপাদন। | এলপিএম ডিভিশন এসজিএফএল | এমআইএস/বার্ষিক রিপোর্ট এসজিএফএল | |
| | | (১.৩.২) উৎপাদিত ডিজেল | | | | |
| | | (১.৩.৩) উৎপাদিত কেরোসিন | | | | |
| | | (১.৩.৪) উৎপাদিত এনজিএল | | | | |
| ৪ | (২.১) তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি | (২.১.১) তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি | গ্যাস ও পেট্রোলিয়াম পণ্যসমূহের নিরবচ্ছিন্ন উৎপাদন বৃদ্ধি, প্রসেস ও মজুদ ক্ষমতা বৃদ্ধি। | এলপিএম ডিভিশন এসজিএফএল | এমআইএস/বার্ষিক রিপোর্ট এসজিএফএল | |
| ৫ | (৩.১) মানব সম্পদ উন্নয়ন | (৩.১.১) প্রশিক্ষিত জনবল | কর্মকর্তা- কর্মচারীদের কাজে দক্ষতা বৃদ্ধির জন্য দেশে- বিদেশে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করা। | প্রশাসন ডিভিশন এসজিএফএল | এমআইএস/বার্ষিক রিপোর্ট এসজিএফএল | |

# সংযোজনী ৩ : অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.১) গ্যাস উৎপাদন কূপ খনন | (১.১.১) খননকৃত অনুসন্ধান কূপ (১.১.২) খননকৃত মূল্যায়ন/উন্নয়ন কূপ (১.১.৩) গ্যাস কূপ ওয়ার্কওভার | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | গ্যাস উৎপাদন বিঘ্নিত হতে পারে। |
| পরিকল্পনা কমিশন | | | প্রকল্প অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | |
| অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | | | বৈদেশিক বিনিয়োগের জন্য উন্নয়ন সহযোগী দেশের সাথে যোগাযোগ | সরকারী আইন অনুযায়ী | |
| অর্থ বিভাগ | | | আর্থিক বরাদ্দ অনুমোদন ও অর্থ ছাড় | সরকারী আইন অনুযায়ী | |
| পরিবেশ অধিদপ্তর | | | প্রকল্পের পরিবেশগত ছাড়পত্র প্রদান | সরকারী আইন অনুযায়ী | |
| জন প্রশাসন মন্ত্রণালয়/ জেলা প্রশাসক অফিস | | | প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | |
| জাতীয় রাজস্ব বোর্ড | | | প্রকল্প ব্যয়ের ভ্যাট/ট্যাক্স বিষয়ে অনুমোদন/ভেটিং | সরকারী আইন অনুযায়ী | |
| বাংলাদেশ ব্যাংক | | | প্রকল্প ব্যয়ের এলসি খোলার অনুমতি | সরকারী আইন অনুযায়ী | |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (১.২) গ্যাস উৎপাদন | (১.২.১) উৎপাদিত গ্যাস | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | গ্যাস উৎপাদন বিঘ্নিত/কমে যেতে পারে। |
| জাতীয় রাজস্ব বোর্ড | | | ক্রয়/বিক্রয় কাযক্রমের জন্য ভ্যাট/ট্যাক্স সংক্রান্ত পরিপত্র | সরকারী আইন অনুযায়ী | |
| বার্ক (BERC) | | | লাইসেন্স প্রদান/ উৎপাদিত গ্যাসের মূল্য নির্ধারণ | সরকারী আইন অনুযায়ী | |
| জিটিসিএল | | | উৎপাদিৎ গ্যাস পাইপ লাইনের মাধ্যমে সঞ্চালন | সরকারী আইন অনুযায়ী | |
| তিতাস/ জালালাবাদ/ বাখরাবাদ/ কর্ণফুলী | | | উৎপাদিত গ্যাস বিতরণের দায়িত্ব পালন করে থাকে | সরকারী আইন অনুযায়ী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বিপিসি (পদ্মা, মেঘনা, যমুনা) | (১.৩)পেট্রোলিয়াম পণ্যসমূহের উৎপাদন | (১.৩.১) উৎপাদিত পেট্রোল<br>(১.৩.২) উৎপাদিত ডিজেল<br>(১.৩.৩) উৎপাদিত কেরোসিন<br>(১.৩.৫) উৎপাদিত এনজিএল | উৎপাদিত পেট্রোলিয়াম পণ্যের বিপণন | সরকারী আইন অনুযায়ী | উৎপাদন লক্ষ্যমাত্রা বিঘ্নিত হতে পারে। |
| আরপিজিসিএল | | | উৎপাদিত এনজিএল পূর্ণমাত্রায় নিরবিচ্ছিন্নভাবে উত্তোলন | আরপিজিসিএল-ই একমাত্র এনজিএল প্রসেস কোম্পানি | |
| বার্ক (BERC) | | | লাইসেন্স প্রদান/ উৎপাদিত পেট্রোলিয়াম পণ্যের মূল্য নির্ধারণ | সরকারী আইন অনুযায়ী | |
| বিস্ফোরক অধিদপ্তর | (২.১) তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি | (২.১.১) তেলের মজুদ ক্ষমতা বৃদ্ধি | বিস্ফোরক লাইসেন্স/ অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | পেট্রোলিয়ামজাত পণ্যের মজুদ বিঘ্নিত হতে পারে। |
| জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | (৩.১) মানব সম্পদ উন্নয়ন | (৩.১) বৈদেশিক প্রশিক্ষণ | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | বিদেশ ভ্রমন/ প্রশিক্ষণ প্রক্রিয়া বিঘ্নিত হতে পারে। |
| প্রধান মন্ত্রীর কার্যালয় | | | প্রশাসনিক অনুমোদন | সরকারী আইন অনুযায়ী | |
| পররাষ্ট্র মন্ত্রণালয় | | | বিদেশ ভ্রমনের অনুমোদন / নোট ভারবাল ইস্যু করা | সরকারী আইন অনুযায়ী | |